শতাব্দীর চুক্তি নাকি বহু শতাব্দীর ক্রুসেড?

পর্ব – ০২

শাইখ আইমান আয-যাওয়াহিরী হাফিযাহুল্লাহ

শতাব্দীর চুক্তি

নাকি

বহু শতাব্দীর ক্রুসেড?

পর্ব – ০২

শাইখ আইমান আয-যাওয়াহিরী হাফিযাহুল্লাহ

-মূল প্রকাশনা সম্পর্কিত কিছু তথ্য-

মূল নাম:

صفقة القرن أم حملات القرون (الحلقة الثانية) : للشيخ أيمن الظواهري – حفظه الله

ভিডিও দৈর্ঘ্য: ১:০৪:১০ মিনিট

প্রকাশের তারিখ: জুমাদাল উখরা, ১৪৪৩ হিজরি

প্রকাশক: আস সাহাব মিডিয়া

[প্রায় পঞ্চাশ বছর ধরে মুসলিমদের পবিত্র ভূমি 'ফিলিস্তিন'কে দখল করে রেখেছে জায়নবাদি ইসরাইল। প্রতিনিয়ত মুসলিম পরিবারগুলোকে উচ্ছেদ করে 'গাযা অঞ্চল' অধিকৃত করে নিয়েছে। এমতাবস্থায় ২০২০ সালের ২৮শে জানুয়ারি হোয়াইট হাউসে, ডোনাল্ড ট্রাম্প ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে পাশে নিয়ে কথিত একটি 'শান্তি পরিকল্পনা' প্রকাশ করে। সেখানে জেরুজালেমকে ইসরাইলের রাজধানী ঘোষণা করা এবং অধিকৃত গাযা ও পশ্চিম তীরকে ইসরাইলের অংশ হিসেবে স্বীকৃতি দেয়া হয়। এটিই শতাব্দীর নিকৃষ্ট শান্তি চুক্তি- যা মুসলিম উম্মাহ ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে]

بسم الله والحمد لله والصلاة والسلام على رسول الله وآله وصحبه ومن والاه

সকল প্রশংসা কেবল আল্লাহর জন্য। দরুদ ও সালাম বর্ষিত হোক আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তার পরিবার, সাহাবায়ে কেরাম এবং তার সকল অনুসারীদের উপর।

সমগ্র পৃথিবীর মুসলিম ভাই ও বোনেরা!

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

গত অধিবেশনে আমি সংক্ষিপ্তভাবে ইসলাম ও ক্রুসেডের মধ্যকার দ্বন্দ্বের কতিপয় প্রধান দিক নিয়ে আলোচনা করেছিলাম। আমি ক্রুসেডারদের মোকাবেলা করার সম্ভাব্য কিছু পদ্ধতি নিয়ে আলোচনা করেছিলাম। আমি আরও উল্লেখ করেছিলাম যে, বুঝার সুবিধার্থে এই আলোচনাকে কয়েকটি ভাগে বিভক্ত করা হবে।

প্রথমত: দাওয়াত ও সচেতনতার জিহাদ।

দ্বিতীয়ত: প্রতিরোধ জিহাদ এবং শত্রুকে ক্ষতিগ্রস্ত করার জিহাদ।

আমি 'দাওয়াত ও সচেতনতার জিহাদ' নিয়ে বিস্তারিত আলোচনা করেছি। আমি আরও উল্লেখ করেছিলাম, যেহেতু এই আলোচনাটি বেশ বড় তাই বিষয়টিকে সংক্ষিপ্ত ও সহজ করার উদ্দেশ্যে কয়েকটি পয়েন্টের ভিত্তিতে আলোচনা করা

হবে। আমরা ধারাবাহিক ভাবে নিম্নলিখিত পয়েন্টগুলোর উপর আলোকপাত করব ইনশা আল্লাহ।

-সচেতনতা তৈরির জিহাদ

-উম্মাহর তরবিয়ত ঠিক করার জিহাদ

-দাওয়াতের লড়াই

-রাজনৈতিক জিহাদ

-(উম্মাহর) ঐক্যের গুরুত্ব

আমি 'সচেতনতা তৈরির জিহাদ' – এই পয়েন্টটি নিয়ে আলোচনা করেছিলাম। আরও বলেছিলাম যে, বিষয়টিকে বুঝার জন্য নিম্নলিখিত ৩ প্রশ্নের উত্তর প্রদানের মাধ্যমে আমরা এই বিষয়টি বিশ্লেষণ করব:

১ম প্রশ্ন: আমাদের প্রকৃত শত্রু কারা?

২য় প্রশ্ন: 'আল ওয়ালা ওয়াল বারা (আল্লাহর জন্যই বন্ধুত্ব ও আল্লাহর জন্যই শত্রুতা)' –এর আকীদাকে আমরা কীভাবে আমাদের জীবন যাপনের পদ্ধতি হিসেবে গ্রহণ করবো?

৩য় প্রশ্ন: আমরা কাকে আমাদের পথ প্রদর্শক ও আমির হিসেবে গ্রহণ করবো?

"আমাদের প্রকৃত শত্রু কারা?" এই প্রশ্নের উত্তর দিতে গিয়ে আমি পশ্চিমাপন্থী রাষ্ট্রগুলো নিয়ে আলোচনা করেছি। ঐ সকল রাষ্ট্র নিয়েও আলোচনা করেছি যারা দাবি করে, তারা উম্মাহর পক্ষে লড়াই করছে, অথচ ইসলাম ও মুসলিমদের বিরুদ্ধে শত্রুতামূলক পরিকল্পনার ক্ষেত্রে তারাই কার্যকরি ভূমিকা পালন করছে। এরপর তাদের গণমাধ্যমগুলো কীভাবে মুসলিমদেরকে বিভ্রান্ত করছে সে সম্পর্কেও আলোচনা করেছি। এরপর আল জাজিরা চ্যানেলে ("اللاعبون بالنار -আগুন নিয়ে খেলাকারী)" শিরোনামে প্রকাশিত একটি ভিডিওকে[1] উদাহরণ হিসেবে পেশ করেছি।

---

[1] এই ভিডিওটি ২০১৯ সালের জুলাইতে প্রকাশিত হয়। ভিডিও লিঙ্ক - https://www.youtube.com/watch?v=0JrkC9jxan0

আলোচনার বিন্যাস ছিল এমন;

- (আল জাজিরা কর্তৃক) বিভ্রান্তি ছড়ানো ও বাস্তবতা গোপন করা

- আল-কায়দার বিরুদ্ধে আল জাজিরার মিথ্যা অভিযোগ দেওয়ার পূর্বের কোন ইতিহাস আছে কি?

- কেন আল জাজিরা অপবাদ ছড়ানোর অভিযানে যুক্ত হল? অর্থাৎ আল জাজিরা ও আল-কায়দা সংগঠনের মধ্যকার বিরোধ কী নিয়ে?

অতঃপর আমি মিথ্যা প্রচারণার মাধ্যমে জনমত নষ্ট করার জন্য আল জাজিরা যে অপপ্রয়াস চালাচ্ছে তা নিয়েও আলোচনা করেছি। তাদের দাবি; আল কায়দা বাহরাইন ইন্টেলিজেন্সের হয়ে কাজ করছে।

আজকের আলোচনায় আমি আল জাজিরা কেন সত্য গোপন করছে এবং কোন লক্ষ্যে তারা মুজাহিদদের প্রতি অপবাদ দিচ্ছে - তার কিছু বাস্তবতাও তুলে ধরার চেষ্টা করবো।

এখানে মোটাদাগে তাদের দুটি বক্তব্য আছে;

এক. মুজাহিদরা বিশ্বাসঘাতক, তাই তাদের পরিত্যাগ কর।

দুই. ইজরাইলিরা হল শান্তিকামী, তাই তাদের সাথেই থাক।

আমি আল্লাহর কাছে সাহায্য কামনা করে আমার মূল আলোচনা শুরু করছি। আল্লাহই একমাত্র তাওফিক দাতা।

আল জাজিরা বাস্তবতাকে প্রকাশ না করে গোপন করছে দুটি কারণে ।

প্রথমত: আল জাজিরার মালিকপক্ষ হচ্ছে কাতার। আর কাতার আমেরিকার শতভাগ অনুগত রাষ্ট্র।

দ্বিতীয়ত: মুসলিম বিশ্বের বুকে ‘যায়নবাদ’ ছড়িয়ে দেয়ার ক্ষেত্রে কাতারের অন্যতম ভূমিকা রয়েছে।

প্রথম বিষটির বিষয়ে কথা হল:

যদি আমরা কাতার নিয়ে আলোচনা করি তাহলে আমরা দেখব – কাতার রাষ্ট্রটির দুটি রূপ রয়েছে। একটি হল 'আদ দাওলাতুল হাকিকিয়্যাহ' (এটি হল অভ্যন্তরীণ এবং বাস্তব রূপ) আর দ্বিতীয়টি হল 'আদ দাওলাতুল ওয়াহমীয়্যাহ' বা 'আদ দাওলাতুস শিকলিয়্যাহ' তথা; বাহ্যত রূপ।

কাতারের অভ্যন্তরীণ রূপ:

কাতারের অভ্যন্তরের ব্যবস্থাপনা যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় বাহিনীর নেতৃত্বে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়। এটাকে সংক্ষেপে CENTCOM (United States Central Command)[২] বলা হয়। আমেরিকান এই নেতৃত্ব ব্যবস্থা মিশর থেকে মধ্য এশিয়া হয়ে আফগান পর্যন্ত বিস্তৃত। অপর দিকে এই বাহিনী তুর্কি থেকে নিয়ে 'দিয়েগো গার্সিয়া (Diego Garcia) উপদ্বীপ পর্যন্ত কাজ করছে।

উক্ত CENTCOM এর অধীনে কাতারের একাধিক ঘাটিতে আমেরিকান বিমান বাহিনীর নেতৃত্ব প্রতিষ্ঠিত রয়েছে। কাতারের বিভিন্ন জায়গায় এই বাহিনী ছড়িয়ে আছে। কাতারের আন্তর্জাতিক বিমান বন্দর, 'ক্যাম্প সানোবি' এবং 'সাইলিয়্যাহ সেনানিবাস', উম্মে সাঈদ অঞ্চলের জ্বালানি আমদানীর স্থানে, উম্মে সালানা অঞ্চলে বৈদেশিক মালামাল আমদানির স্থানে – এসকল ঘাটি অবস্থিত।

---

[২] আমেরিকার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বিশেষায়িত সৈন্যদল। এই দলগুলোতে সবগুলো বাহিনী থেকে সদস্যদের একত্রিত করে বিশেষ বাহিনী তৈরি করা হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে এমন ১১ টি বিশেষায়িত বাহিনী রয়েছে। এর মধ্যে ৭ টি পৃথিবীর বিভিন্ন অঞ্চলের আমেরিকার নোংরা যুদ্ধে জড়িত। বাকি ৪ টি স্পেশাল অপারেশন, সাইবার সংক্রান্ত, স্ট্র্যাটেজি ও পরিবহন সংক্রান্ত বিষয়গুলো নিয়ে কাজ করে। এই ৭ বিশেষায়িত বাহিনী মধ্যপ্রাচ্য, মিশর, আফ্রিকা, মধ্য এশিয়া এবং দক্ষিন এশিয়াতে আমেরিকার এজেন্ডা বাস্তবায়ন করে চলছে।

এই ৭ টি বিশেষায়িত বাহিনীর ১ টি – CENTCOM. এর সদর দপ্তর ফ্লোরিডাতে। ২য় আরেকটি সদর দপ্তর ২০০২ সালে দোহার 'ক্যাম্প আস সাইলিয়্যাহ'তে প্রতিষ্ঠিত করা হয়েছে।

গালফ ওয়ার, আফগানিস্তানে হামলা ও ইরাক যুদ্ধে এই বিশেষায়িত বাহিনীর সদস্যরাই অংশগ্রহণ করেছিল।

CENTCOM যে সকল অঞ্চলে কার্যক্রম পরিচালনা করছে, তার মধ্যে - উপসাগরীয় অঞ্চল, তুরস্ক, ইরাক, মিশর, ইসরাইল, জর্ডান, ইয়েমেন, আফ্রিকার পূর্বাঞ্চলীয় রাষ্ট্রগুলো, পাকিস্তান ও মধ্য এশিয়া উল্লেখযোগ্য। এসব জায়গায়ও তাদের সেনাঘাঁটি রয়েছে।

তাহলে বুঝা গেল যে, এটিই কাতার রাষ্ট্রের বাস্তব চালিকা শক্তি। এই অভ্যন্তরীণ রাষ্ট্রব্যবস্থাই কাতারকে পরিচালনা করে। কাতারের আরেকটি রূপ আমরা দেখতে পাই যার জাতিসংঘ, আরবলীগ ও ওআইসিতে সদস্যপদ রয়েছে। রয়েছে নিজস্ব বিমান বন্দর, সৈন্যবাহিনী, পতাকা ও জাতীয় সঙ্গীত। এটি হলো তাদের 'আদ-দাওলাতুল ওয়াহমিয়্যাহ' তথা; বাহ্যিক রূপ।

أَلْقاب ممْلكة في غيْر موْضعها

অযোগ্যের ক্ষেত্রে রাজকীয় উপাধি ব্যবহার,

كالْهِريحْكي انْتفاخا صوْلة الأسد

এমন ভীতু বিড়ালের ন্যায়, যে নিজ দম্ভ প্রকাশ করতে গিয়ে সিংহের ক্ষমতা ও দাপটের কথা বর্ণনা করে।

এই কারণেই কাতারের বাহ্যিক সরকার ব্যবস্থাপনা (আমির, শাসনব্যবস্থা, আল জাজিরা) 'আদ দাওলাতুল হাকিকিয়্যাহ' তথা আমেরিকার ইচ্ছা ও চাহিদার বাইরে নিঃশ্বাসও ফেলতে পারে না। এজন্যই কাতার তার 'আদ দাওলাতুল হাকিকিয়্যাহ'র সদস্যদের জন্য আরাম-আয়েশের বিভিন্ন উপকরণ থেকে শুরু করে নাইট ক্লাব ও ডে ক্লাব এর ব্যবস্থা করে। আমেরিকার সাথে মিলিয়ন মিলিয়ন ডলারের অস্ত্র ক্রয় করার চুক্তি করে।

[এখন আমরা এ বিষয়ে কিছু প্রমাণ পেশ করছি]

ডোনাল্ড ট্রাম্পঃ

ঐ ব্যক্তির উপরই আমরা পূর্ণ আস্থা রাখতে পারি, যে আমাদের সাথে সবসময় উঠাবসা করে এবং আমাদের কাছ থেকে বিভিন্ন ধরণের বিমান ও ক্ষেপণাস্ত্র ইত্যাদি ক্রয় করে। সেই হল আমাদের প্রকৃত বন্ধু। তার সাথেই আমরা কাজ

চালিয়ে যেতে পারি। আমার বিশ্বাস, তার সাথে করা প্রতিটি কাজই সুন্দরভাবে সম্পন্ন করা সম্ভব।

কাতারের প্রধানমন্ত্রী তামিম বিন হামাদ:

আমেরিকার সাথে আমাদের অর্থনৈতিক সহায়তার চুক্তি এখন প্রায় ১২৫ মিলিয়ন ডলারের। আমাদের প্রত্যাশা ও লক্ষ্য হল, আগামী বছরগুলোতে এই আর্থিক সহায়তার হার দ্বিগুণ করা। আমাদের পারস্পরিক সামরিক সহযোগিতাও অনেক দৃঢ় ও শক্তিশালী। সন্ত্রাসী অপতৎপরতার বিরুদ্ধে অপারেশন পরিচালনায় আমাদের পারস্পরিক সহযোগিতার কথাতো সর্ব-মহলে স্বীকৃত। আলহামদুলিল্লাহ! আমি আল্লাহ তায়ালার শুকরিয়া আদায় করছি যে, এই অঞ্চলে সন্ত্রাসবাদ মোকাবেলায় আমরা সফলতা অর্জন করেছি। আমি এখানে আসার আগে CENTCOM এর হেড অফিসে গিয়েছিলাম। সেখানে জেনারেলের সাথে সাক্ষাত করেছি। আর এই সাক্ষাতটি ছিল খুবই গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে দোহা ও যুক্তরাষ্ট্রের মাঝে বন্ধুত্বের বিষয়টি আরও স্পষ্ট হল।

ডোনাল্ড ট্রাম্পঃ

আমি নিশ্চিতভাবে বলছি; যদি কাতার আমাদের সাথে ভালো সম্পর্ক রাখে তাহলে আমাদের প্রতিটি পদক্ষেপ ও কাজেই চূড়ান্ত লক্ষ্যে পৌঁছানো সম্ভব হবে। আর এই বিশাল সামরিক ঘাঁটি তৈরি করতে কাতারই আমাদের সাহায্য করেছে। পৃথিবীতে এমন সহযোগিতার উদাহরণ আর খুঁজে পাওয়া যাবে না। এখানে ৮ মিলিয়ন ডলারের বেশি ব্যয় হয়েছে। আমি স্রষ্টার কৃতজ্ঞতা আদায় করে বলছি; এই পুরো খরচের অধিকাংশ ছিল তোমাদের পক্ষ থেকে।

কাতারের প্রধানমন্ত্রী তামিম বিন হামাদ:

প্রকৃত বন্ধুর সাথে ভঙ্গুর ঐক্য হয় না, বরং এমন ঐক্যই হয় যা কখনো ভাঙ্গার নয়। আর যুক্তরাষ্ট্র ও কাতার একে অপরের প্রকৃত বন্ধু। তাই কাতার ও যুক্তরাষ্ট্র এক হয়ে সন্ত্রাস দমনের কাজ করছে এবং এর জন্য অর্থায়ন করছে। তার ভিত্তি যেটাই হোক না কেন।

সন্ত্রাস দমনের অন্যতম লক্ষ্য হল - শান্তিপূর্ণ ও নিরাপদ বিশ্ব প্রতিষ্ঠা করা, যেখানে সবাই নিরাপদে বসবাস করবে। আর এই নিরাপত্তা ও সামরিক সম্পর্ক

বৃদ্ধির চুক্তিগুলো বাস্তবায়নে আমরা দু'পক্ষই বদ্ধপরিকর। এখন থেকে আমরা নিরাপত্তা এবং সামরিক বিষয়গুলোকে আরও উন্নত করব এবং সামরিক ঘাঁটিগুলোকে বিস্তৃত করব। আমেরিকান সৈন্য ও তাদের পরিবারবর্গ যেন স্বাভাবিক জীবন যাপন করতে পারে, সে ব্যবস্থা করা হবে। আমরা পরস্পর সন্ত্রাসী দলগুলোকে প্রতিহত করার জন্য বিভিন্ন কল্যাণকর সংস্থার সাথে কাজ করে যাচ্ছি। যেমন 'বুব' এবং 'ওয়াদরাফ' সংস্থা।

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

আমেরিকা কাতারের উপর খুবই সন্তুষ্ট। বারবার তার ব্যাপারে প্রশংসার বাণী শুনাচ্ছে। আর কাতারের আল জাজিরা খুব গৌরবের সাথে এই প্রশংসাগুলো তাদের চ্যানেলে প্রকাশ করছে। কৌশলস্বরূপ আমেরিকার অধীনস্থ অন্যান্য রাষ্ট্র প্রধানদের সামনে এই বলে বেড়াচ্ছে যে, আমরাই আমেরিকার সন্তুষ্টি অর্জন করতে পেরেছি।

আল জাজিরা বাস্তবতাকে প্রকাশ না করার দ্বিতীয় কারণ:

মুসলিম বিশ্বের বুকে ইহুদিবাদ ছড়িয়ে দেয়ার ক্ষেত্রে কাতারের অন্যতম ভূমিকা।

* কাতার ইতিপূর্বে 'আল মাকতাবুত তিজারিয়্যাহ' তথা বাণিজ্যিক কার্যালয় শিরোনামে ইসরাইলে একটি দূতাবাস চালু করেছে। ইতিমধ্যে ইসরাইলি রাজনীতিবিদ জিপি লিভনী (Tzipi Livni) কাতার সফর করে, কাতারের আমির হামাদ এর সাথে সাক্ষাৎ করেছে[৩]। আল জাজিরা অফিস পরিদর্শনে গিয়ে সেখানকার কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছে। এছাড়াও ইসরাইলের সাংস্কৃতিককর্মী ও পেশাজীবীরা নানা উপলক্ষে কাতার ভ্রমণ করছে।

* ইতিপূর্বে কাতারের সাবেক প্রধানমন্ত্রী জাতিসংঘে আন্ত:ধর্মীয় আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ফ্লোরেন্তিনো পেরেজ (Florentino Pérez), শাইখুল আযহার এবং বাদশা আব্দুল্লাহর মাঝে সমন্বয়ের ক্ষেত্রে বড় ধরণের ভূমিকা রেখেছে।

---

[৩] ২০০৮ সালে এই সাক্ষাৎ হয়েছিল। লিঙ্ক - https://www.aljazeera.com/news/2008/4/14/livni-speaks-at-qatar-conference

* আল জাজিরা চ্যানেল বাইতুল মাকদিসে তাদের একটি অফিস চালু করলে ইসরাইলি প্রধানমন্ত্রী নেতানিয়াহু সেটা পরিদর্শনে যায়।

এগুলো হচ্ছে প্রকাশ্য বিষয়, অভ্যন্তরীণ অবস্থা আরও করুণ।

এলি আভিদার (Eli Avidar) (প্রাক্তন নেসেট সদস্য, কাতারে যায়নিষ্ট কার্যালয়ের সাবেক প্রধান) এর বক্তব্য:

আমেরিকান রাষ্ট্রদূত, এলিসা পেটমিসিয়ন আমাকে ফোন করে জানান যে, তিনি আমার সাথে সাক্ষাত করতে চান। আমি বললাম, 'পাঁচ মিনিটের মধ্যেই সাক্ষাত করছি'। তারপর আমি আমেরিকান দূতাবাসে তার সাথে সাক্ষাত করি।

তিনি আমাকে বলেন, 'এইমাত্র আমি (কাতারের প্রধানমন্ত্রী) হামাদ বিন জসিমের সাথে সাক্ষাত করেছি। তিনি আমাকে বলেছেন; সম্ভব হলে তুমি (এলি আভিদার) যেন সম্মেলন শেষ না হওয়া পর্যন্ত দোহা থেকে তিন সপ্তাহের জন্য ছুটি নাও। সম্মেলন শেষে আবার দোহায় ফিরে আসবে'।

আমি তাকে বললাম, 'সম্মানিত রাষ্ট্রদূত! তাকে বলুন; আমরা দোহায় থাকবো না, দুই সপ্তাহের জন্য অফিস বন্ধ রাখব'।

আমি জানি যে, কাতার আমাদের দূতাবাস বন্ধ করার চাপ দিতে পারে। এতে আমাদের কিছু যায় আসে না। তবু আমি দ্রুত জেরুজালেম চলে যাই এবং আদালতের মাধ্যমে একটি রায় ঘোষণা করিয়ে নেই। রায়টি ছিল এমন - আমাদের দোহায় অবস্থান করা নিয়ে কোন ইসরাইলি সংবাদপত্র সংবাদ প্রচার করতে পারবে না।

আমেরিকান রাষ্ট্রদূত হামাদের সাথে সাক্ষাত করে বিষয়টি জানালে সে আনন্দ প্রকাশ করে এবং ধন্যবাদ জানায়। আর বলে যে, সম্মেলন শেষ হওয়া পর্যন্ত ইসরাইলকে চুপ থাকতে বলুন। এর দুই ঘণ্টা পরে, কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন অনানুষ্ঠানিক মুখপাত্র দোহায় ইসরাইলি অফিস বন্ধ করার ঘোষণা দেন।

তখন আমার থেকে মাত্র পাঁচশত মিটার দূরে দোহায় সম্মেলন অনুষ্ঠিত হচ্ছিল। সেখানে কাতারের আমির হামাদ বিন জসীমও ছিল। সবাই তাকে এই বলে সংবর্ধনা দিচ্ছিল যে, ফিলিস্তিন সংকট সমাধানে আরবদের মধ্য থেকে আপনার ভূমিকা প্রশংসনীয়।

উপরে উল্লেখিত ঘটনাটি হল কাতারের ত্রিমুখী খেলার সামান্য নমুনামাত্র। তারা একদিকে ইসরাইলের সাথে আন্তরিক সম্পর্ক স্থাপন করেছে। কিন্তু বাহ্যত দেখাতে চায় তাদের মাঝে কোন সম্পর্ক নেই। তারা আমেরিকার পূর্ণ কর্তৃত্ব মেনে নিয়েও আমেরিকার অধীনস্থতা অস্বীকার করতে চায়।

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

কাতার এবং তার রাষ্ট্রীয় চ্যানেল আল জাজিরা জনসাধারণকে বিভ্রান্ত করার জন্য চক্রান্তমূলক ভূমিকা পালন করছে। তাদের এই বিভ্রান্তিকর অপপ্রচারের ভিত্তিতেই আরব জনমত গড়ে তুলছে।

কাতার একদিকে ফিলিস্তিনিদের সাথে সহমর্মিতার দাবি করে গাযার কিছু সংবাদ প্রচার করছে। অন্যদিকে জিপি লিভনীকে (Tzipi Livni) নিজেদের দেশে আমন্ত্রণ জানাচ্ছে। আরব ভূমির উপর আধিপত্য বিস্তারকারী ইসরাইলের খবর তাদের চ্যানেলে প্রচার করছে। পবিত্র কুদসে তাদের কার্যালয়ে 'নেতানিয়াহু'কে আমন্ত্রণ জানাচ্ছে। তারা ইসরাইলি নেতৃবৃন্দের সাথে যোগাযোগ রক্ষা করে সংশ্লিষ্টদের জন্য বিভিন্ন কাজের সুযোগ করে দিচ্ছে।

আহমাদ মানসুর (আরব আমিরাতের একজন মানবাধিকার কর্মী):

জালিম ও মাজলুমদের সাথে একই ধরণের আচরণ করা হচ্ছে!! যে অস্ত্র বহন করে আর যে পাথর বহন করে উভয়কে একই দৃষ্টিতে দেখানো হচ্ছে। যে ফিলিস্তিনিরা ইসরাইল কর্তৃক নিজেদের দখলকৃত ভূমি রক্ষা করার চেষ্টা করছে, সে নাকি ইসরাইলিদের মতোই সহিংসতা চালাচ্ছে!!

দুর্ভাগ্যবশত আল জাজিরাসহ সমস্ত মিডিয়া আউটলেটগুলো ফিলিস্তিনিদের প্রতিরোধের সংবাদের ক্ষেত্রে নিউজ বুলেটিনে 'সহিংসতা' শব্দটি ব্যবহার করছে। এটি ইসরাইলের 'স্বার্থ রক্ষা'র শব্দ। সর্ব প্রথম এর ব্যবহার ইসরাইল শুরু করেছিল।

[নিচের আলোচনাটুকু একটি টকশো থেকে সংগ্রহ করা হয়েছে। এটি ড. আবদুল্লাহ আল নাফিসী এবং কাতারের মানবাধিকারকর্মী আহমাদ মানসুরের মাঝে অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনায় কাতার এবং আল জাজিরার সাথে ইসরাইলের সম্পর্কের বেশ কিছু বিষয় ফুটে উঠেছে।]

ড. আব্দুল্লাহ আল নাফিসী: (‘আল জাজিরা’কে লক্ষ্য করে বলেন)

আমরা দেখতে পাচ্ছি, তোমরাই আরব জনগণের কাছে যায়নিষ্ট ইহুদিদের বার্তা পৌঁছে দেয়ার সুযোগ করে দিচ্ছো। পশ্চিমা বিশ্বের সরকার অথবা বিরোধী দল যদি তাদের সাধারণ জনগণকে উদ্দেশ্য করে দুই-তিন মিনিটের কোন বার্তা দিতে চায়, তখন ব্যবহৃত মিডিয়া চ্যানেলগুলোকে মোটা অংকের অর্থ দিতে হয়। অথচ তোমরা নি:শর্তভাবে আরব উপসাগরীয় জনগণকে সম্বোধন করে বার্তা দেয়ার জন্য যায়নিষ্ট ইহুদিদের সুযোগ করে দিচ্ছো!! তাও আবার সম্পূর্ণ স্বাধীনতার সাথে! সেই সাথে তোমরা নানা ব্যাখ্যার মাধ্যমে আরব জনগণের জন্য পরিভাষা সংক্রান্ত জটিলতাগুলো আরও প্রকট করে তুলছো।

(কথা থামিয়ে দিয়ে) আহমাদ মানসুর বলেন:

আল জাজিরা এটি করছে কখনো তাদের মত প্রকাশের শিরোনামে, কখনোবা অন্যদের মতামত তুলে ধরার নামে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

আমার মনে হয়, এটা আমাদের সাথে এক ধরণের প্রতারণা। তথাকথিত বাক-স্বাধীনতার নামে এটি প্রতারণাই।

আহমাদ মানসুর:

জি! ব্যাপারটি বাস্তবে এমনই। কারণ আমরা অনেক সাংবাদিক থেকে জানতে পেরেছি; তারা বলেছে যে, তারা ইসরাইল বিষয়ক সংবাদগুলো সাধারণত সরাসরিই সংগ্রহ করে। কোন মাধ্যম ছাড়া!!

ব্যাপারটি এভাবে ঘটে যে, তারা সরাসরি নেতানিয়াহুর কাছে যায়। নেতানিয়াহু আল জাজিরার মাধ্যমে পুরো জাজিরাতুল আরবে তার বার্তা পৌঁছায়। আরবদেরকে তার দাবি দাওয়া ও যুক্তিগুলো বুঝানোর চেষ্টা করে। আর আমরা সে সংবাদুগলো বিভিন্ন মিডিয়ার মাধ্যমে প্রচার করি। সারকথা হলো; আল জাজিরার মাধ্যমে ইসরাইলের কথাগুলো আমাদের কাছে পৌঁছে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

তুমি কি আমার কথার বিপক্ষে কথা চাচ্ছো?

আহমাদ মানসুর তার কথা কেটে বলেন:

না না, বিষয়টি এরকম না।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

তুমি হয়তো বিষয়টি স্বীকার করবে না। এই কাজের আঞ্চলিক ফলাফল, সিংহভাগ জনগণের জন্য খুবই ঝুঁকিপূর্ণ। অধিকাংশ ব্যক্তিদের উপর এর ক্ষতি আসবে।

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

আল জাজিরা চ্যানেল একদিকে ইরাক প্রতিরোধ যুদ্ধের নির্বাচিত সংবাদগুলো প্রচার করে। অন্যদিকে আল জাজিরা ইরাকে অবস্থিত তাদের কার্যালয়ে আমেরিকান সেনা প্রধানকেও স্বাগত জানায়।

কাতার একদিকে মিশর এবং সৌদি আরবের সমালোচনা করছে, এজন্য যে তারা ইসরাইলের সামনে মাথানত ও সমঝোতা করছে। অন্যদিকে তাদের সাবেক প্রধানমন্ত্রী ছিলো এমন একজন - যে ইসরাইলের সবচে বড় অনুগতদের একজন। তার ভাষায় ইসরাইল হলো - হোয়াইট হাউজের প্রধান নিয়ন্ত্রক ও পার্লামেন্টের সিনেট সভাপতি।

হামাদ বিন জসীম বিন জাবের আল সানির (Hamad bin Jassim bin Jaber Al Thani) বক্তব্য:

আমি স্পষ্টভাবে বলছি যে, ইসরাইলের পক্ষ নেয়ায় কাতারের উপর আমেরিকা প্রশাসন সন্তুষ্ট। আর আরবরা বিশ্বাস করে যে, ইসরাইল হলো হোয়াইট হাউজের মূলচাবি এবং আমেরিকার পার্লামেন্টের সিনেট সভাপতি। প্রকৃত বাস্তবতা এটাই।

আমেরিকা চায় যে, ইসরাইল এবং আরব নেতৃবৃন্দগণ একে অপরের রাষ্ট্রে অধিক পরিমাণে যাতায়াত করুক। যাতে তাদের মাঝে কোন দূরত্ব না থাকে।

হামাদ বিন জসীম বিন জাবের আল সানির (Hamad bin Jassim bin Jaber Al Thani)

আমি একটু স্পষ্ট করে বলি; আমি মনে করি ইসরাইলে গমনাগমন এবং তাদের সাথে ভালো সম্পর্কের দ্বারা আমেরিকা আমাদের প্রতি সন্তুষ্ট হবে। আরববিশ্ব

মনে করে যে, ইসরাইল হচ্ছে হোয়াইট হাউজের চাবি এবং বিশ্ব মোড়লদের গডফাদার। আর বাস্তবতা আসলে এটাই।

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

আর হামাদ বিন জসীম ইসরাইলী নেতাদেরকে আরব বিশ্বে দেখতে চায়। এমনিভাবে সে আরব বিশ্বের নেতাদেরকে ইসরাইলে দেখতে চায়।

হামাদ বিন জসীম বিন জাবের আল সানি:

আমিও কাতার, সৌদি, মিশরসহ প্রত্যেক মুসলিম রাষ্ট্রে ইসরাইলিদের দেখতে চাই। একইভাবে ইসরাইলেও আরব কিংবা কাতারিদের দেখতে চাই।

আমার বিশ্বাস - এটাই আমাদের চূড়ান্ত লক্ষ্য, যে লক্ষ্য অর্জনে আমরা সম্মিলিতভাবে চেষ্টা করে যাচ্ছি।

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

একদিকে কাতার পবিত্র কুদসকে ইহুদিকরণের বিরুদ্ধে কিছু প্রতিবেদন প্রচার করছে, অন্যদিকে শতাব্দীর নিকৃষ্ট চুক্তিকে কেন্দ্র করে (বাইরাইন প্রতিরক্ষা বাহিনীর আয়োজিত) "মানামা এয়ার ফোর্স" সেমিনারে উপস্থিত হওয়ার জন্য ইসরাইলের কাছে দাওয়াত পাঠাচ্ছে। এসবের লক্ষ্য হলো - সমঝোতার রাজনীতির মাধ্যমে মুসলিম উম্মাহর চেতনাকে নিষ্ক্রিয় করে ফেলা।

কাতার তাদের মিডিয়া আল জাজিরা'র মাধ্যমে একদিকে আরব বসন্তের সময় বাহ্যত রক্ষকের ভূমিকা গ্রহণ করেছে। অন্যদিকে জাতিসংঘ কর্তৃক মানবাধিকার সভায় পূর্ব তুর্কিস্তানের 'উইঘুর' মুসলিমদের বিরুদ্ধে চীনকে শক্তিশালী করেছে। কাতারের এই ঘৃণ্য রাজনীতি হল মধুর মধ্যে বিষ ঢালার ন্যায়। আমি পূর্বে বলে এসেছি যে, কাতারের প্রকৃত নেতৃত্ব আমেরিকার কেন্দ্রীয় শাসনের অধীনে পরিচালিত হয়।

আরেকটা কারণ হল, কাতার ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিককরণের দিকে ঝুঁকে গেছে। তাই কাতার মুজাহিদদের বিরুদ্ধে ঘৃণ্য প্রোপাগান্ডা যুদ্ধে আমেরিকার সাথে অংশগ্রহণ করছে।

কাতার একদিকে মুজাহিদদের বিরুদ্ধে অপবাদ দিচ্ছে, অন্যদিকে ফিলিস্তিনীদের সাথে সামান্য সহমর্মিতার চাদর পরে দর্শকদের সামনে সহানুভূতির অভিনয় করছে। আর এই চক্রান্তের সারকথা হল দুটি বাক্য;

১. মুজাহিদরা গাদ্দার, সুতরাং তাদের পরিত্যাগ করো।

২. ইসরাইল হল বাস্তবিক বন্ধু, তাই তোমরা তাকে সাদরে গ্রহণ করো।

***

উপরোক্ত আলোচনা ছিলো আল জাজিরার মিথ্যাচার এবং বাস্তবতা গোপন করা প্রসঙ্গে। পরবর্তী পয়েন্টে আমরা আল জাজিরার 'আল লা'ইবূনা বিন নার' ক্লিপের বিষয়ে মন্তব্য পেশ করবো।

প্রশ্ন হল; 'আল জাজিরা আল কায়দার বিরুদ্ধে মিথ্যা অপবাদ দিচ্ছে' - এ বিষয়ে কী আল কায়দার কাছে কোন প্রমাণ আছে?

উত্তর: হ্যাঁ, এ বিষয়ে আমাদের কাছে একাধিক প্রমাণ আছে। তারা জামাল ইসমাঈলের সাথে শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ'র একটি সাক্ষাৎকারকে বিকৃত করেছে।

সাক্ষাৎকার গ্রহণের কয়েক মাস পর কাতারে 'তাদমীরুল কায়েদা' তথা আল কায়দাকে নস্যাৎকরণ' শিরোনামে একটি প্রোগ্রাম হয়। সেই প্রোগ্রামে আমেরিকার তথাকথিত সন্ত্রাসবাদের পক্ষে শাইখের সাক্ষাৎকারকে বিকৃত করে প্রকাশ করা হয়। এটি ছিলো আমেরিকার কর্তৃক আফগানিস্তানের খোস্ত এলাকায় হামলার পরের ঘটনা।

ইরাকি মুজাহিদদের সম্বোধন করে দেয়া শাইখ উসামা রহিমাহুল্লাহ'র বার্তার বিকৃতি:

আস সাহাব মিডিয়ার প্রতিবেদক (১৪২৮ জিলকাদ): 'কাতার কীভাবে আল কায়দার প্রধান শাইখ উসামা রহিমাহুল্লাহ'র ইরাক সম্পর্কিত বক্তব্যকে বিকৃত করেছে'?

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

কাতার এক্ষেত্রে তিনটি জঘন্য বিকৃতি সাধন করেছে। তবে বিশ্ববাসী বিষয়টি খুব দ্রুতই (মাত্র ২৪ ঘণ্টার মধ্যেই) অনুধাবন করেছে।

১. শাইখের বক্তব্যের গুরুত্বপূর্ণ বেশ কিছু অংশ তারা মুছে দিয়েছে বা গোপন করেছে।

২. শাইখ যে উদ্দেশ্যে বক্তব্য দিয়েছেন সেটাকে তারা ভিন্নখাতে প্রবাহিত করেছে। অনুষ্ঠানের উপস্থিত অতিথিদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তারা এমনটি করেছে। যেমন, তারা দাবি করেছে যে, শাইখ শুধুমাত্র দাওলাতুল ইরাক আল ইসলামিয়্যা সংগঠনের মুজাহিদদের তিরস্কার করেছেন এবং উপদেশ দিয়েছেন। অথচ বাস্তবতা হল তিনি ইরাকে অবস্থানরত সকল মুজাহিদ ভাইদের উদ্দেশ্যে বক্তব্য দিয়েছেন। (এই বিকৃতির ফলে মুজাহিদদের মাঝে আন্ত:সংকট দেখা দিয়েছিল)

৩. বিষয়টি যাচাই করার জন্য ঐ সকল ব্যক্তিদের উপস্থিত করা হয়েছে; যারা শাইখের বক্তব্যের প্রতি সহমর্মী নন বা যারা শাইখের বক্তব্যের বিরোধী ছিলো। অথচ স্বাভাবিক নিরপেক্ষতার দাবি হল; যারা শাইখের বক্তব্য গ্রহণ করেন এবং যারা তার বিরোধিতা করেন উভয় পক্ষকে উপস্থিত করা।

আল কায়দার অধিকাংশ সংবাদ প্রচার করার ক্ষেত্রে তারা উক্ত নীতি অবলম্বন করে। কারণ অধিকাংশ সময়ে আল কায়দার বিরুদ্ধে প্রচারিত সংবাদের বিপরীতে তারা কোন প্রতিবাদের মুখোমুখি হয় না। আর যারা আল কায়দার সমালোচনা বিষয়গুলো শুনে তারাতো সমালোচনা শোনার জন্যই শুনে।

আল জাজিরা চ্যানেলের দ্বারা আল কায়দার ডকুমেন্ট বিকৃতিকরণের ঘটনা এটাই প্রথম নয়। পূর্ব থেকেই এমনটা করার অনেক প্রমাণ আমাদের কাছে আছে। এর মধ্যে প্রসিদ্ধ একটি ঘটনা হল; শাইখ উসামা বিন লাদেনের সাথে জামাল ইসমাইলের সাক্ষাৎকার।

প্রথমদিকে আল জাজিরা চ্যানেল এই সাক্ষাৎকারটি প্রচার করেনি। প্রচার না করার ক্ষেত্রে তারা কারণ উপস্থাপন করে যে, এই বক্তব্যের বাক্যগুলো অস্পষ্ট এবং এগুলো সংশোধনের প্রয়োজন। পরবর্তীতে আনুমানিক ছয়মাস পর তারা আবার 'তাদমীরুল কায়েদা' তথা 'আল কায়দাকে নস্যাৎকরণ' নামক উদ্ভট

শিরোনামে একটি অনুষ্ঠান করে। সেখানে তারা এই কথোপকথনের সিংহভাগ এমনভাবে প্রচার করেছে যেন শাইখ উসামা আমেরিকাকে আফগানিস্তানের (প্রাদেশিক শহর) খোস্তে আক্রমণের জন্য সাধুবাদ জানিয়েছেন। আর অন্যদিকে এর জন্য দোষারোপ করেছেন মুজাহিদদেরকে!

যখনই আল কায়দার বিষয়ে কোন সংবাদ প্রকাশ হয়েছে, তখনই আল জাজিরা সেখানে বিকৃতি সাধন করেছে।

এছাড়াও তারা সাইয়্যেদ ইমামের কিছু পদস্খলনকে আল কায়দার বিরুদ্ধে কাজে লাগাতে চেয়েছিলো। একে কেন্দ্র করে তারা একাধিক প্রোগ্রাম করে। একবার তারা কায়রোতে দু'ঘণ্টা ব্যাপী একটি বিশেষ প্রোগ্রাম করে। প্রোগ্রাম শেষে তারা আরেকটি প্রোগ্রাম করার প্রতিশ্রুতিও দেয়।

অবশ্য এসকল কার্যকলাপের দ্বারা তারা সফল হতে পারেনি। কারণ ইতিমধ্যে উক্ত পদস্খলন ও অধঃপতনের বিপরীতে আল কায়দা এবং অন্যান্য মুজাহিদদের দালিলিক খণ্ডন প্রকাশিত হয়েছে। যেমন, এ বিষয়ে 'তারবিয়া' নামক রিসালাহ এবং শাইখ আবু ইয়াহিয়া আল লিবিব রহিমাহুল্লাহ'র 'আত তানফীদ' নামক রিসালার প্রথম খণ্ড প্রকাশিত হয়েছে। এখন আল জাজিরা এই সত্য বিষয়টি প্রচার না করে মুখে কুলুপ এঁটে রেখেছে। কারণ তারা জানে, তারা এমনটা করেছিল আমেরিকার নির্দেশ অনুসারে।

আরেকটি দৃষ্টান্ত হল; তারা জনগণের সামনে প্রচার করেছে যে, ৯/১১ আক্রমণটা ছিল আমেরিকার অভ্যন্তরীণ হামলা। তথা আমেরিকা নিজেই তার প্রতিরক্ষা মন্ত্রণালয়ে হামলা করেছে। কাতার এই ঐতিহাসিক ঘটনাকে বিকৃত করে উপস্থাপন করার কারণ হল - আমেরিকা তাদের অভিভাবক। তাই অন্য কেউ তাকে আঘাত করেছে, এটা তাদের জন্য খুবই দুঃখজনক বিষয়। এছাড়াও তারা কোন এক পত্রিকার লিখিত কথার উপর ভিত্তি করে আল কায়দাকে এই অপবাদ দিয়েছে যে, তারা বিভিন্নভাবে আরব আমিরাতকে সহযোগিতা করছে।

সাংবাদিকগণ পত্রিকায় বা সংবাদপত্রে সত্যমিথ্যা যা লেখে সেটাকেই তারা প্রমাণ হিসাবে গ্রহণ করে। আমার প্রশ্ন হল: জামাল ইসমাঈল, শাইখ উসামা বিন লাদেনের সাক্ষাৎকার নেয়ার পর, উভয়ের কথোপকথন সম্পর্কে যা লিখেছেন তাও কি তারা সত্য হিসেবে গ্রহণ করবে?

বাস্তব কথা হচ্ছে; না, তারা তা করবে না।

আস সাহাব মিডিয়া:

জামাল ইসমাইল স্বীয় গ্রন্থ “ইবনু লাদেন, আল জাজিরা ওয়া আনা” তে শাইখ উসামা বিন লাদেনের সাথে তার সাক্ষাৎকার প্রসঙ্গে উল্লেখ করেন,

“অন্য যে সাংবাদিক আমার সাথে উসামা বিন লাদেনের সাক্ষাৎকার নিয়েছিল, সে ইসলামাবাদে পৌঁছার কয়েক ঘণ্টা পূর্বে আমি দোহায় পৌঁছেছি। আমি ধারণা করেছিলাম যে, চ্যানেলে সম্প্রচার করার জন্য সাক্ষাৎকারের কোন একটা অংশের ভিডিও ক্লিপ আগেই আনা হবে। তারপর তা প্রচার করা হবে। এতে আমরা বৈশ্বিক অন্যান্য সংবাদ সংস্থাগুলোর উপর অগ্রগামিতা লাভ করবো।

আশ্চর্যের বিষয় হল - সাক্ষাৎকারের কোন অংশই প্রচার করা হচ্ছিলো না। আমি খুব দ্রুত ঐ সাংবাদিক এবং সহ-সম্পাদকের সাথে যোগাযোগ করলাম। আমি উক্ত সাক্ষাৎকার প্রচার না হওয়ার কারণ জানতে চাইলাম। আমাকে জানানো হলো এ সাক্ষাতকারের ভিডিও ক্লিপ এখনো পর্যন্ত প্রধান পরিচালকের কার্যালয়ে রয়েছে। তিনি তা প্রচার করার বিষয়ে কার্যালয়ের প্রধান সম্পাদকের সাথে আলোচনা করছেন (তাকে আমরা প্রধান সম্পাদক না বলে প্রধান চক্রান্তকারী বলতে পারি)।

তার নাম হল “সালাহ নাজম”। তিনি কাতার এবং মিশরের মধ্যকার বিশেষ চুক্তির মাধ্যমে আল জাজিরা চ্যানেলের প্রধান সম্পাদক হিসেবে নিযুক্ত হয়েছেন। (যেমনটি উক্ত চ্যানেলের কর্মরত অনেক কর্মকর্তা বলেছেন)। আর এই ব্যক্তিই উসামা বিন লাদেন এর সাক্ষাৎকারটি আল জাজিরায় প্রচার করার উপর আপত্তি করেছেন।

আল জাজিরায় কর্মরত আস্থাভাজন ব্যক্তিগণ পরবর্তীতে আমাকে বলেছেন, ‘সালাহ নাজম’ ক্ষুব্ধ হয়ে বলেছিল, ‘আমাদের কেন্দ্রীয় কার্যালয় যে কারো যেকোন বিষয় প্রচার করার স্থান নয়। আমাদের কেন্দ্র উসামার মুখপাত্র হবে এর বৈধতা দেয়া আমার পক্ষে সম্ভব নয়। কারণ আমি উক্ত সাক্ষাৎকার প্রচার করলে পরবর্তীতে উপর থেকে চাপ আসতে পারে। ফলে আমাদের সংবাদ কেন্দ্রই বন্ধ হয়ে যাবে’।

এছাড়া যে শাইখ উসামার সাক্ষাৎকার প্রচার করবে তাকে আল জাজিরা থেকে বরখাস্ত করার হুমকি দেয়া হয়েছে। সাক্ষাৎকারটি সম্প্রচার না করতে তার অজুহাত ছিল যে, আমি উসামা বিন লাদেনের অধিকাংশ কথা ও মতামতের সাথে একমত নই।

এই ঘটনার আনুমানিক দুই সপ্তাহ পর আল জাজিরা চ্যানেল ইসরাইলের সাবেক সেনাপ্রধান জেনারেল আমনোন শাহাক (Amnon Lipkin-Shahak) এর একটি সাক্ষাৎকার প্রচার করে। তিনি সেসময় হিব্রু রাজ্যে প্রধানমন্ত্রী প্রার্থী ছিলেন।

যে সাংবাদিক সাক্ষাৎকার নিয়েছে, সে জেনারেলের কথা কাটাকাটি করেনি। বরং সে মৃদু হাসি দ্বারা ঐ জেনারেলের বিভিন্ন কথার উত্তর দিয়েছে। অথচ আমনোনের হাত ফিলিস্তিন, লেবানন ইত্যাদি মুসলিম রাষ্ট্রের এবং আরবদের রক্তে রঞ্জিত। সাংবাদিকের কথা দ্বারা বুঝা যায় যে, সে জেনারেলের আলোচনাকে স্বতঃপূর্ত মনে মেনে নিয়েছে।

পরবর্তীতে আল জাজিরা চ্যানেলে কর্মরত একাধিক কর্মকর্তা এবং আল জাজিরার প্রধান সম্পাদকের সম্পর্কে জানে অনেক ব্যক্তির মাধ্যমে জানতে পেরেছি যে, সালাহ নাজম ছিল মিশরীয় বামপন্থী। মিশরীয় কমিউনিস্ট পার্টির একজন গুরুত্বপূর্ণ সদস্য ছিল সে। এই ব্যক্তি ইতিপূর্বে অনেক পশ্চিমা গণমাধ্যমে কাজ করেছেন।

আল জাজিরা চ্যানেলের অনেকে বলেছেন যে, তিনি বর্তমানে আরব উপদ্বীপে আমেরিকা এবং মিশর দূতাবাসের প্রতিনিধি। তাই তাকে উপদ্বীপে পুনরায় আনা হয়েছে। তিনি কাতার এবং মিশরের শাসকদের সাথে সুসম্পর্ক স্থাপনের মাধ্যমে আল জাজিরার প্রধান সম্পাদকের আসন গ্রহণ করেন। কাতারের সাথে মিশরের 'মিত্রতা চুক্তির' একটি মৌলিক শর্ত ছিলো - 'সালাহ নাজম'কে আল জাজিরার প্রধান সম্পাদক হিসেবে নিয়োগ দেয়া।

জামাল ইসমাইল আরও বলেন – 'একবার তিনি আল জাজিরার পরিচালনা পরিষদের প্রধানকে বলেন: আল জাজিরা চ্যানেল দু'বার আইমান আয যাওয়াহিরীর সাক্ষাৎকার গ্রহণের চেষ্টা করেছে। চ্যানেলটি এই সাক্ষাৎকার সম্পন্ন করার জন্য লাখ লাখ ডলার ব্যয় করতে প্রস্তুত ছিলো। এখন তো আইমান আয

যাওয়াহিরী'র সাথে আনুমানিক এক ঘণ্টার পরিপূর্ণ সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে এবং তা তোমাদের কাছে এসেছে। সে সাক্ষাৎকারের কোন কিছুই এখনো কোন সংবাদ সংস্থা প্রচার করেনি'।

প্রশ্ন হলো – কেন তোমরা উক্ত সাক্ষাৎকার কিংবা কমপক্ষে তার একটা অংশও প্রচার করছ না? অথচ তোমরা তো আলোচিত এবং অগ্রগামী সাংবাদ মাধ্যম হতে চাও'।

সে-সময় আমি কাতার ও মিশরের দ্বিপাক্ষিক চুক্তি ও সম্পর্কের বিষয়টা চিন্তা করিনি। এ চুক্তির ফলে কাতারে উন্নতির লক্ষণ দেখা দিতে শুরু করেছে। যেমন, 'সালাহ নাজম'কে আল জাজিরার প্রধান সম্পাদক হিসাবে নির্বাচন করা। অথচ তিনি আইমান আয যাওয়াহিরীর ঐতিহাসিক সাক্ষাৎকার প্রচার করতে বাধা দিয়েছে। অন্যদিকে আল জাজিরা দাবি করে তারা সত্য প্রচার, বাস্তবতা উদঘাটন এবং সকলের বাকস্বাধীনতায় বিশ্বাসী।

জামাল ইসমাইল আরও বলেন, তিনি পরিচালনা পরিষদের প্রধানকে শাইখ উসামা বিন লাদেনের সাক্ষাৎকার প্রচারে বিলম্ব করার কারণ জিজ্ঞেস করেছিলেন। তিনি উত্তর দেন: ইতিপূর্বে শাইখ উসামার বক্তব্য প্রচারের কারণে আমেরিকা শুধুমাত্র আল জাজিরা চ্যানেলকে নয়, বরং পুরো কাতারের বিরুদ্ধেই পদক্ষেপ নেয়ার হুমকি দিয়েছে।

বিশেষত যখন তার এমন সাক্ষাৎকার প্রকাশিত হয়, যেখানে তিনি আমেরিকার আরবে উপস্থিতি, আমেরিকার মুসলিম রাষ্ট্রে বোমা হামলা করা এবং তাদের প্রতিহত করার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করেন। জামাল ইসমাইলের নেয়া উক্ত সাক্ষাৎকারে শাইখ উসামা বিন লাদেন আমেরিকায় আক্রমণ করা ও আরব অঞ্চলে আমেরিকান অস্তিত্বের বিষয়ে মুখ খুলেছেন। সেইসাথে আমেরিকাকে প্রতিরোধ করার প্রয়োজনীয়তা নিয়েও কথা বলেছেন।

পরবর্তীতে আল জাজিরার কতক কর্মকর্তা এবং পরিচালকের নিকটস্থ ব্যক্তিবর্গ থেকে জানতে পেরেছি যে, শাইখের উভয় সাক্ষাৎকার দোহায় অবস্থিত আমেরিকান এবং মিসরীয় দূতাবাসের কাছে সোপর্দ করা হয়েছিল। অন্য কোন দূতাবাসে তা পাঠানো হয়নি।

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

তাহলে সংক্ষেপে বলা যায় যে, আল জাজিরা চ্যানেল প্রতারণামূলক প্রচারনীতির পথে হাঁটছে। যার সারকথা হলো; মুজাহিদগণ বিশ্বাসঘাতক, তাই তাদের পরিত্যাগ কর! আর ইসরাইলিরা হলো প্রকৃত বন্ধু, তাই তাকে বন্ধুরূপে গ্রহণ করো!

তবে তাদের এই বিষয়টি শুধুমাত্র মুজাহিদদের বিশ্বাসঘাতক সাব্যস্ত করার উপর সীমাবদ্ধ নয়, বরং এটা আরও ঘৃণ্যতর। কাতার 'ইত্তিহাদুল উলামাইল মুসলিমীন' তথা 'মুসলিম উলামায়ে কেরামের ঐক্য' নামে একটি সংগঠন তৈরি করে। কাতার নিজ দেশে তাদেরকে সব ধরণের সুযোগ সুবিধার ব্যবস্থায় করে দেয়। এই সংগঠনের সাবেক প্রধান একটি কলঙ্কজনক ফাতওয়া দেন। ফাতওয়াটি হল - মুসলিম রাষ্ট্রের সৈনিকদের জন্য আমেরিকান সেনাবাহিনীর পক্ষ হয়ে আফগানিস্তানে মুসলিমদের বিপক্ষে লড়াই করা বৈধ। (ইন্নালিল্লাহ!)

আর সে সংস্থার বর্তমান প্রধান, একটি বিরল ফাতওয়া দিয়েছে। ফাতওয়াটি হলো: 'খেলাফত প্রতিষ্ঠা করা ফরয নয়'।

কাতার তৃতীয় শান্তিচুক্তি করার পরও ট্রাম্পের নির্দেশনায় 'ইত্তেহাদুল মুসলিমিন' সংস্থার মাধ্যমে মানুষদের ধর্মনিরপেক্ষতার দিকেই আহবান করছে।

এছাড়াও কাতারে রয়েছে আমেরিকার 'র‍্যান্ড কর্পোরেশনের' শাখা অফিস। উক্ত কর্পোরেশনের পক্ষ থেকে প্রকাশিত একটি প্রসিদ্ধ গ্রন্থ রয়েছে। গ্রন্থটির নাম হলো- 'আল ইসলামুদ দেমুকরাতিয়্যাহ আল মাদানী'। ২০০৪ সালে শেরিল বেনার্ড (Cheryl Benard) নামক একজন ইহুদি লেখিকা এই গ্রন্থ রচনা করেন। তিনি তখন 'র‍্যান্ড কর্পোরেশনের' সভাপতি ছিলেন। উক্ত বইয়ে ধর্মনিরপেক্ষতাবাদ, প্রগতিবাদ ও ধর্মহীনতার প্রতি মুসলিমদের উদ্বুদ্ধ করা হয়েছে এবং যারা শরিয়াহ আইন দাবি করে তাদের প্রত্যাখ্যান করা হয়েছে। তার লক্ষ্য হল, ইসলামকে তথাকথিত শান্তি ও কোমল ধর্ম রূপে পেশ করা এবং ইসলামের কাঠোরতাকে অস্বীকার করা।

[নিম্নোক্ত আলোচনাটি সাংবাদিক আহমাদ মানসুরের সঞ্চালনায় ড. আব্দুল্লাহ আল নাফিসীর একটি টকশো থেকে সংগ্রহ করা হয়েছে।]

আহমাদ মানসুর:

জাজিরাতুল আরব এবং উপসাগরীয় অঞ্চলগুলোতে তানযীমুল কায়েদা এবং অন্যান্য ইসলামী আন্দোলনের মোকাবেলা করার জন্য আমেরিকা কী কী কৌশল করছে?

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

বাস্তবতা হলো - এই যুদ্ধের পুরো কৌশল র‍্যান্ড কর্পোরেশনের অধীনে পরিচালিত। র‍্যান্ডের প্রধান কর্মকর্তা এখন কাতারে অবস্থান করছে। তার দায়িত্ব হলো জাজিরাতুল আরবে ইসলামের ভিত্তি কীভাবে ধ্বংস করা যায় সে বিষয়ে ব্যবস্থা নেয়া।

শেরিল বেনার্ড (Cheryl Benard) নামে আরেকজন কাজ করছেন এ বিষয়ে। সে জালমাই খলিলজাদের (Zalmay Khalilzad) স্ত্রী। তাকেও র‍্যান্ড কর্পোরেশনের কার্যক্রমের দায়িত্ব দেয়া আছে। খলিলজাদকে ইরাক, আফগানিস্তানে বুশের পার্সোনাল দূত হিসেবেও দায়িত্ব দেয়া হয়েছে।

আহমাদ মানসুর: খলিলজাদের প্রকৃত অবস্থা আমাদের জানা আছে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

আমাদের আলোচনার জালমাই খলিলজাদ হলেন সেই ব্যক্তি যে ইরাক ও আফগানিস্তানের সব বিষয়ে বুশের প্রধান ‘পরামর্শদাতা’ ছিলো।

আহমাদ মানসুর: শুধু তাই নয়। বরং তিনি ইরাক, আফগানের গুরুত্বপূর্ণ সব ইস্যুতে বুশের পরামর্শদাতা ছিলেন।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

এই ব্যক্তি অর্থাৎ জালমাই খলিলজাদ ‘শেরিল বেনার্ড’ এর স্বামী। শেরিল বেনার্ড অস্ট্রিয়া এর রাজধানী ভিয়েনা’র একটি গবেষণা ইনস্টিটিউটের সাবেক পরিচালক ছিলেন। তিনি বর্তমানে দোহায় তোমাদের কাছে আছেন।

আহমাদ মানসুর: আহ! তিনি দোহায় আমাদের নিকটই আছেন। আর আল জাজিরা চ্যানেলও দোহাতেই আছে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

আরে! তোমার তো জানা আছে যে, ইতিপূর্বে এই মহিলা হোয়াইট হাউজ থেকে ‘রাজনৈতিক স্ট্রাটেজি’ বিষয়ক একটি গবেষণাপত্র প্রস্তুত করে। বিষয়বস্তু ছিল – কীভাবে ইসলামের বুনিয়াদি বিষয়গুলোকে প্রতিহত করা যায়। একজন সাধারণ পাঠকও বুঝতে পারবে, এটি ছিলো একটি জঘন্য বিষয়। আমি অনেককে এটি পড়ার পরামর্শ দেই, যাতে তারা পড়ে এর ভয়াবহতা বুঝতে পারে।

আহমাদ মানসুর: কীভাবে, কার সহায়তায় তিনি এটা প্রস্তুত করেছিলেন?

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

এটা তো সহজ বিষয়। আমেরিকান প্রশাসন ও র‍্যান্ড-কর্পোরেশনের সহযোগিতা নিয়েই কাজটি সম্পন্ন করেছে।

আহমাদ মানসুর: তা এখন সচরাচর পাওয়া যায়?

ড. আব্দুল্লাহ আল নাফিসী: হ্যাঁ।

আহমাদ মানসুর: যতদূর মনে হচ্ছে এসব গবেষণাপত্র মানুষের হাতে হাতে পৌঁছে দেয়া হয়েছে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

মূল আলোচনাটি শুরু হয়েছে ৭২ পৃষ্ঠার পর। এর শিরোনাম ছিলো ‘ইসলামী গণতন্ত্র ও মদিনা সনদ’। এই মহিলা জাজিরাতুল আরবে এই মতবাদটিই প্রতিষ্ঠা করতে চাচ্ছে।

আহমাদ মানসুর: এই গবেষণাপত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কোনগুলো? যার কারণে সর্বস্তরের জনগণ এর বিরুদ্ধে শ্লোগান দিচ্ছে?

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

এই গবেষণাপত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো - এখানে উল্লেখ করা হয়েছে যে, বর্তমানে ‘ইসলামি আন্দোলন ও জিহাদ’ বৈশ্বিক শান্তির জন্য হুমকি স্বরূপ। এটা উক্ত প্রবন্ধের শুরুতেই রয়েছে।

আহমাদ মানসুর: ‘ইসলাম একটি ধর্মের নামান্তর’ - ‘শেরিল বেনার্ড’ এর এ কথার অর্থ কী?

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

(ক) তার এই কথার অর্থ হচ্ছে; ইসলাম একটি ধর্ম এবং এর রয়েছে স্রেফ কিছু শিক্ষা। দ্বিতীয় বিষয় হলো; ইসলাম মানে সেই ঐতিহাসিক কুরআন ও তার কাহিনীসমগ্র। আর এই যুগে তথা একবিংশ শতাব্দীতে এই ঐতিহাসিক কুরআন সংবিধান হওয়ার উপযুক্ত নয়। (পৃষ্ঠা- ২৫ ও ২৯)

(খ) মুসলিম নারীদের হিজাব পরার প্রতি যুক্তরাষ্ট্রের সহনশীলতাকে সে সমালোচনার দৃষ্টিতে আলোচনা করেছে। তার দাবি হলো; পর্দার বিষয়ে আমেরিকা যেন, ফ্রান্সের মতো কট্টর অবস্থান গ্রহণ করে। (পৃষ্ঠা: ১৪)

(গ) তিনি আরও বলেন যে, বিভিন্ন অপরাধের ক্ষেত্রে কুরআনে উল্লেখিত শাস্তির বিধান অত্যন্ত নিষ্ঠুর এবং তা প্রাচীনতম। এসব বিধান সভ্য বিধান নয় (তথা সভ্যতার যুগে এসব বিধান চলতে পারে না)। (পৃষ্ঠা: ১৪)

(ঘ) তিনি আরেকটু দৃঢ়ভাবে বলেন: কুরআন তো অস্পষ্ট ও রহস্যময় একটি গ্রন্থ। তাতে শুধুমাত্র কিছু দুর্বোধ্য শিক্ষা রয়েছে। (পৃষ্ঠা-১৮)

(ঙ) শুধু তাই নয়। সে এখন আমেরিকান প্রশাসনের মাধ্যমে সৌদি সরকারের কাছে আবেদন করেছে - সৌদি সরকার যেন সৌদিতে ইহুদি, খৃষ্টানদের জন্য গির্জা, উপসানালয় নির্মাণ করে দেয়।

আহমাদ মানসুর: একটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে; বুশ আমেরিকার রাষ্ট্রীয় এক বার্তার ২-৬ পৃষ্ঠায় জাজিরাতুল আরবের লোকদের ধর্মনিরপেক্ষতার প্রতি আহবান করেছে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

আরে এ বিষয়ে তো তিনি ২০নং পৃষ্ঠায়ও আলোচনা করেছেন।

আহমাদ মানসুর: মনে হচ্ছে, তিনি দীর্ঘ এক পরিকল্পনা হাতে নিয়েছেন।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

আপনি জানেন যে, ঐ গবেষণা প্রবন্ধের এ বিষয়গুলো নিয়ে আমাদের শরয়ী আপত্তি রয়েছে।

আহমাদ মানসুর: শুধু সৌদি আরব নয় বরং উপসাগরীয় বহু রাষ্ট্র এখন ইহুদিদের জন্য উপাসনালয় নির্মাণ কাজ শুরু করেছে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

'শেরিল বেনার্ড' বলেছে, সৌদিতে ইহুদিদের উপাসনালয় নির্মাণের বৈধতা অবশ্যই দিতে হবে।

আহমাদ মানসুর: ইহুদিরাতো মদীনাহ মুনাওয়ারাকে তাদের পুরাতন মালিকানা বলে দাবি করছে।

ড. আব্দুল্লাহ আল নাফিসী:

আল্লাহ আপনার মাঝে ভরপুর বারাকাহ দান করুন। কারণ সম্প্রতি উক্ত বিষয়টি আমার সামনে এসেছে।

[টকশোটি এখানে শেষ হলো]

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

যে কাতার রাষ্ট্রকে মুসলিমদের বন্ধু প্রতিম রাষ্ট্র মনে করা হয়, সে কাতারই আফ্রিকায়, ফ্রান্সের সামরিক আক্রমণকে সুদৃঢ় করার জন্য তাদের সেনাবহর ও ট্যাংক পাঠাচ্ছে। আর ফ্রান্স কাতারের সহযোগিতা নিয়ে আফ্রিকা অঞ্চল তথা মালি, নাইজেরিয়া ও বুরকিনাফাসোতে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করছে। সেইসাথে উত্তর দিক থেকে অবরোধ দিয়ে রেখেছে।

কিছুদিন আগে আল জাজিরা চ্যানেল 'ফি সাবআ সিনীন' শিরোনামে একটি ভিডিও ক্লিপ প্রকাশ করে। তাতে প্রেসিডেন্ট সি.সি'র অভ্যুত্থানের সাতবছর পর মিসরীয় যুবকদের অবস্থা কেমন; তা তুলে ধরার চেষ্টা করা হয়েছে। চ্যানেলটি সেখানে মিসরের দু'টি দলের কথা উল্লেখ করেছে। একদল যারা মুলহিদে পরিণত হয়েছে আর দ্বিতীয় দল হলো যারা শামের জিহাদে বের হয়েছে।

তো এই ভিডিও ক্লিপ প্রকাশের ক্ষেত্রে তাদের মৌলিক লক্ষ্য ছিলো, দর্শকদের সামনে তাদের বিষাক্ত প্রোপাগান্ডা প্রচার করা। এর দ্বারা তারা জনগণকে এটা

বুঝাতে চাচ্ছে যে, 'জিহাদ' - এটিও ইলহাদ এবং নাস্তিকতার মতই একটি অপরাধ।

ড. ইয়াদ কুনাইবী:

জাজিরা চ্যানেলে 'আল-দুহাইজ' সিরিজের প্রচার, যাতে রয়েছে নাস্তিক্যতাবাদী চিন্তা চেতনা

আল-দুহাইজ একটি কমেডি সিরিজ। এর দ্বারা নানা ধরণের নাস্তিকতার প্রচারণা চালানো হয়। আল জাজিরা চ্যানেলে নিয়মিত এটি সম্প্রচারিত হয়।

ইতিপূর্বে আমরা বলেছি, উক্ত চ্যানেলটি কয়েক মাস পূর্বে 'ফি সাবআ সিনীন' শিরোনামে কিছু ডকুমেন্টারি অনলাইনে প্রচার করেছে। এতে জনগণের সামনে ইলহাদ তথা ইসলাম বিদ্বেষকে স্বাভাবিকভাবে উপস্থাপন করা হয়েছে। ইতিপূর্বে আমরা আল জাজিরা কর্তৃক কমেডি নাটকের মাধ্যমে ইসলাম ও এর প্রতীকসমূহ নিয়ে যে ঠাট্টা, বিদ্রূপ করা হয়েছে সেসব নিয়ে আলোচনা করেছি।

আলোচিত কাতার রাষ্ট্রই 'আজমি বিশারা' এর তত্ত্বাবধানে নতুন একটি আরবি চ্যানেল খুলেছে। যে চ্যানেলটির সূচনা হয়েছে খোলাফায়ে রাশেদিনের বিরুদ্ধে আক্রমণের মধ্য দিয়ে। শুধু এতটুকুতেই তারা থেমে থাকেনি। বরং ইসলামের চির সিদ্ধান্তকৃত (ইজমায়ী) বিষয়গুলোর ক্ষেত্রেও জনগণকে সন্দেহের মুখে ঠেলে দিয়েছে। অথচ এই চ্যানেলগুলোকে মুসলিমদের সংস্থাগুলোই অর্থায়ন করছে।

প্রত্যেক জাতিই স্বীয় চ্যানেলের মাধ্যমে নিজেদের চিন্তা, ধার্মিকতা এবং ধর্মের মৌলিক বিষয়াদি প্রচার করতে চায়। কিন্তু আমাদের দুর্ভাগ্য যে, দ্বীনকে ধ্বংস করে দেয়া, ইলহাদের বিস্তার ঘটানো এবং যুবকদেরকে উদ্দেশ্যহীন বিকৃত পথের দিকে নিয়ে যাওয়ার জন্য - একটা সম্প্রদায় ঐ সকল চ্যানেল ব্যবহার করে, যেগুলো ধনী ইসলামী রাষ্ট্রগুলোর কাছে আছে। ইসলামী রাষ্ট্রগুলো এই অপকর্মের পথে পরস্পর প্রতিযোগিতা করছে। (লা হাওলা ওলা কুয়্যাতা ইল্লা বিল্লাহ)

প্রিয় ভাই আমার!

এই চ্যানেলের ফেতনা থেকে বাঁচার জন্য আমাদের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

প্রথমত, আমরা আমাদের বন্ধু বান্ধব, সন্তান-সন্ততিদের মধ্যে যারা দোহাই সিরিয়ালের উপর সদা চোখ রাখে তাদেরকে অতীত-বর্তমানের প্রোগ্রামগুলোর উপর সতর্ক দৃষ্টি দিতে বলবো।

দ্বিতীয়ত, আমরা এই ভিডিওগুলো এবং তার হাকীকত ইন্টারনেটের মাধ্যমে উপযুক্ত স্থানগুলোতে পৌঁছে দেব। যাতে এ সব বিষয়ে জনসমাজের চোখ খুলে দেয়া যায়। তৃতীয়ত, তাদেরকে رحلة اليقين এর অধিবেশনগুলো নিয়মিত দেখার জন্য আহবান করবো। এই অধিবেশনগুলোর লক্ষ্য হলো - বাস্তবিক বা কার্যকারী ইলমী ভাষার মাধ্যমে ইসলামিক চিন্তা ও স্বভাবের প্রতি মানুষের মনোনিবেশ করানো। ঈমানের মজবুত ভিত্তির উপর তাদের তুলে আনার চেষ্টা করাই হবে প্রত্যেক মুমিনের লক্ষ্য। (আল্লাহ্ সর্ব বিষয়ে পরাক্রমশালী, কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না)।

(ড. ইয়াদ কুনাইবী'র বক্তব্য এখানেই শেষ)

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

হে স্বাধীন ও সচেতন দর্শক!

আপনি লক্ষ্য করলে নিশ্চিত হবেন যে, আরব উপদ্বীপের পূর্বাঞ্চলের পেট্রোল খনিতে যুগের হুবাল আমেরিকার ইশারা ছাড়া কোন কিছুই সম্ভব হয় না। একটু দৃষ্টি দিলেই পর্দার ভিতরের লুকায়িত বাস্তবতাও আপনাদের সামনে স্পষ্ট হবে। যা অত্যন্ত নিন্দাযোগ্য।

তৃতীয় পয়েন্ট:

আল জাজিরা চ্যানেল সম্পর্কে আমার আলোচনার তৃতীয় পয়েন্ট; আমার প্রশ্ন - আল জাজিরা কেন আল কায়দার বিরুদ্ধে উঠে পড়ে লেগেছে? বিশেষ করে কাতার ও আল-কায়দার দ্বন্দ্বটি কোথায়? কেন কাতার আল কায়দার বিরুদ্ধে এমন অপবাদ দিচ্ছে ও মিথ্যা সংবাদ প্রচার করছে?

উত্তর: এই প্রশ্নের উত্তর অনেক সহজ। কাতার মূলত আমেরিকার কেন্দ্রীয় শাসন ব্যবস্থার সেবক ও অনুগামী। কাতার অন্যান্য বাহ্যিক ইসলামী রাষ্ট্রগুলোর মতই আমেরিকার কেন্দ্রীয় শাসনের তত্ত্বাবধানে পরিচালিত হয়। আমেরিকার ইচ্ছার

বিরুদ্ধে তাদের চলার কোন উপায় নেই। শুধু কাতার নয়, বরং সৌদি, কুয়েত, আরব আমিরাত, বাহরাইনসহ অধিকাংশ মুসলিম বিশ্বের শাসকরাই আমেরিকার অনুগত।

তারা যে শতভাগ আমেরিকার অনুগত - এর প্রমাণ স্বরূপ নিম্নে তাদের নেতৃবৃন্দের কিছু বক্তব্য তুলে ধরা হলো।

আব্দুল্লাহ আল হাশেমী:

আমার মনে হয়, আমরা ইসরাইলের জন্য হুমকি নই। কারণ ইসরাইল আমাদের জন্য হুমকির কারণ নয়। আমাদের প্রত্যেকের স্বাধীন দেশ রয়েছে। এর মানে এই নয় যে, আমরা অযথাই ইসরাইলের সাথে যুদ্ধ জড়িয়ে পড়বো।

আমরা বুঝি যে, আমরা যেমন আমেরিকার মৈত্রী দেশ, তেমনি ইসরাইলও আমেরিকার মৈত্রী দেশ। আপনাদের জানা আছে যে, আমেরিকা আমাদের জন্য বড় ভাইয়ের ভূমিকায় রয়েছে। যখন আমাদের বড় ভাই বলছেন, তোমরা পরস্পর যুদ্ধে লিপ্ত হয়ো না - তখন আমরা যুদ্ধে জড়াবো, এমনটি কল্পনাও করতে পারিনা।

মুহাম্মদ বিন সালমান:

আজকের সৌদি আরব ৭৯ বছর পূর্বে এমন ছিল না। এখন পুরো সৌদি আরবে সচেতনতা ও উন্নয়নমুলক বিভিন্ন প্রকল্প চলমান আছে। যদিও বিভিন্ন কারণে এটা হতে ৭৯ বছর সময় লেগেছে।

এখন আমি সেই বিষয়ের আলোচনা করছি না। আমাদের দেশের এই রূপ আগে ছিল না। আমরা তো আমাদের পূর্বের ইসলামে ফিরে যাচ্ছি, যা প্রকৃত ইসলাম নামে আমাদের সকলের কাছে পরিচিত। সেটা ছিলো ইনসাফ-ন্যায়পরায়ণতায় ভরপুর এবং সকল ধর্ম-ঐতিহ্য ও সকল মানুষের জন্য, এককথায় সমগ্র বিশ্বের জন্য উন্মুক্ত। ৩০ বছরের নিচে, সত্তর ভাগ সৌদি জনগণ এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, আমরা আমাদের ভবিষ্যতের মূল্যবান ৩০টি বছর উগ্র চিন্তা-চেতনা লালন করে নষ্ট করতে চাই না। যদি তাই করি তবে অতিশীঘ্রই আমরা নিজেদেরকে ধ্বংস করবো।

জোয়েল রোসনার্গ:

আমরা তাদের (সৌদির) কাছে দাবি জানিয়েছি তারা যেন গির্জা নির্মাণে সচেষ্ট হয় এবং পাঠ্যপুস্তক থেকে উগ্র ও চরমপন্থার বিষয়গুলোকে বাদ দেয়। যদি তারা ফিলিস্তিন-ইসরাইল সংঘাতে উগ্রপন্থীদের সমর্থন করে, তাহলে আমরা তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিব।

মোহাম্মাদ বিন সালমানের শাসনকালের সময়টিকে আমরা অনেক গুরুত্বের সাথে দেখছি। আর সেও আমাদের সকল আহবানে সাড়া দিয়েছে। আমার বিশ্বাস তিনি বিরাট সংস্কারমূলক ও কল্যাণমুলক কাজ করছেন। আমাদের যুগে তার মত অন্য কোন ব্যক্তিকে দেখেনি যে একসাথে ৩৫০০ উগ্রপন্থী ইমামকে বরখাস্ত করেছে। তিনি তার উদারতার মাধ্যমে সৌদিআরবের প্রতি আমেরিকার দৃষ্টিভঙ্গি বদলাতে চেষ্টা করছেন। কাজটি যথেষ্ট কষ্টসাধ্য। এখনো অনেক কাজ করা বাকি আছে।

শাইখ আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ:

